



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ
ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
জনতথ্য বিভাগ



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.১১৩.১০৩.০০.০০.০৩৯.২০১৫/২৫৯

তারিখ : ১৬/০৩/২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা ওয়াসা এগিয়ে যাচ্ছে, সামনের দিনগুলিতে আরো এগিয়ে যাবে-“**Bill Collection Award**
2021-22 অনুষ্ঠানে বললেন স্থানীয় সরকার মন্ত্রী।



বৃহস্পতিবার ১৬ মার্চ, ২০২৩ স্থানীয় প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে ঢাকা ওয়াসা ২০২১-২২ অর্থ বছরের জন্য 'Bill Collection Award' শীর্ষক অনুষ্ঠানের আয়োজন করে। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোহাম্মদ মুসলিম চৌধুরী, কমট্রোলার এন্ড অডিটর জেনারেল অব বাংলাদেশ, মোহাম্মদ খাইরুল ইসলাম, অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং ড. প্রকৌশলী গোলাম মোস্তফা, চেয়ারম্যান, ঢাকা ওয়াসা বোর্ড। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক ও সিইও প্রকৌশলী তাকসিম এ খান।


স্থানীয় সরকার মন্ত্রী তার বক্তব্যে বলেন যে, আমাদের এই মাতৃভূমি বাংলাদেশ আজ সারা বিশ্বের জন্য একটি রোল মডেল। ১৯৭১ সালের মহান স্বাধীনতার যুদ্ধে পূর্বে এ দেশের মাথা পিছু আয় ছিল মাত্র ৭৭ ডলার। দেশ স্বাধীন হওয়ার পর জাতির পিতা বঙ্গবন্ধুর সুদক্ষ নেতৃত্বে মাত্র সাড়ে তিন বছরে মাথাপিছু আয় দাঁড়ায় ২৭৭ ডলারে। বর্তমানে তাঁরই সুযোগ্য কন্যা, মাননীয় প্রধান মন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সঠিক দিক নির্দেশনায় দেশ আজ উন্নয়নের মহাসড়কে পৌঁছে গেছে। বর্তমানে বাংলাদেশের মাথাপিছু

(Handwritten signature)

আয় ২৪০০ ডলারের উপরে। বর্তমান সরকারের গণতান্ত্রিক ধারাবাহিকতার ফলে এটি সম্ভব হয়েছে। ২০৪১ সালের মধ্যে বর্তমান বাংলাদেশ SMART বাংলাদেশ এ রূপান্তরিত হবে।

তিনি আরো উল্লেখ করেন যে, রাজধানী ঢাকা একটি অত্যন্ত ঘনবসতিপূর্ণ শহর। তাই সেবাগুলি সুনিশ্চিত করতে ঢাকার জনসংখ্যা ও নাগরিক সুবিধা সামঞ্জস্যপূর্ণ হতে হবে। মন্ত্রী জানান, ২০০৯ সালে ঢাকা ওয়াসা'র বিল কালেকশনের পরিমাণ ছিল মাত্র ৪০০ কোটি টাকা। বর্তমানে ঢাকা ওয়াসা তার সেবার মান ও পরিসর বৃদ্ধি করে বার্ষিক ২০০০ কোটি টাকার বেশি বিল আদায় করতে পারছে। ডিজিটাল পদ্ধতিতে বিল পরিশোধের ব্যবস্থা থাকায় গ্রাহকরাও খুশি। পরিশেষে 'Bill Collection Award' এর মতো একটি সুন্দর অনুষ্ঠান আয়োজনের জন্য ঢাকা ওয়াসাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাপতি তাকসিম এ খান ঢাকা ওয়াসাকে উন্নয়নের অগ্রযাত্রায় এগিয়ে নিয়ে যাওয়ার জন্য দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। 'Bill Collection Award' FY-2021-22 অনুষ্ঠানে প্রথম স্থান অধিকার করেন ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ, দ্বিতীয় স্থান অধিকার করেন প্রিমিয়ার ব্যাংক লিঃ, তৃতীয় স্থান অধিকার করেন সাউথ ইস্ট ব্যাংক লিঃ। অন্যান্য ব্যাংকগুলোকে সম্মাননা সূচক সার্টিফিকেট প্রদান করা হয়। চা চক্রের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।



এ. এম. মোস্তফা তারেক
উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা
ঢাকা ওয়াসা।